শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

THAKURGAON PALLI BIDYUT SAMITY

ঠাকুরগাঁও প.বি.স.

ISO 9001:2015 Certified

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

স্মারক নং- ২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.২৪. ৪০৫

তারিখঃ ১১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারী, ২০২৪ খ্রি.।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪, অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত ( A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|
| ০১. | লাইন টেকনিশিয়ান | ক) এসএসসি বা সমমান পাস (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইনক্রু হিসেবে মোট চাকুরীকাল কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে;<br>খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে;<br>ঘ) পবিস বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট বা বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌখিক জ্ঞান থাকতে হবে;<br>চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে;<br>ছ) লাইনক্রুগনের কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার সক্ষমতা থাকতে হবে;<br>জ) প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।<br>ঝ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান থাকতে হবে। | ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী, রানীশংকৈল ও হরিপুর এবং পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর, বোদা, আটোয়ারী, দেবীগঞ্জ ও তেঁতুলিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই। |

**আবেদন করার পদ্ধতিঃ**

নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) যোগাযোগের ঠিকানা, (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) ধর্ম, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদান ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক উক্ত পত্রদ্বয়ের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটো কপি, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের ফটোকপি, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি (মুল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে), ও সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও অনাপত্তি সনদ পত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ আগামী ১০/০২/২০২৪ খ্রি. তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ঠাকুরগাঁও পবিস, জগন্নাথপুর, ঠাকুরগাঁও) স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত) দন্ডপ্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

চলমান পাতা-

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

THAKURGAON PALLI BIDYUT SAMITY

ঠাকুরগাঁও প.বি.স.

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও

E-mail : thkpbs@gmail.com

Website: pbs.thakurgaon.gov.bd

Facebook page: facebook.com/thkpbs

০২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৩। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ, সর্বশেষ ০৩ (তিন) বছরের ভিতর কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোন লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ (এক) বার গুরুদন্ড ও ০১ (এক) বার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৬। পদোন্নতির ক্ষেত্রে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

০৭। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৮। ইতিপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১১। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৫/৭/২৪

(মোঃ মাহফুজুর রহমান)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদর অবগতির জন্য)।

০১। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৩। ডিজিএম, (পীরগঞ্জ/পঞ্চগড়/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/বুহিয়া/দেবীগঞ্জ) জোনাল অফিস, ঠাপবিস।

০৪। এজিএম, (বোদা/আটোয়ারী/হরিপুর) সাব-জোনাল অফিস, ঠাপবিস।

০৫। এজিএম, (প্রশাসন/অর্থ-হিসাব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), ঠাপবিস।

০৬। এজিএম (আইটি), ঠাপবিস (ওয়েব সাইট এ প্রকাশের ব্যবস্থা নিন)।

০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট – ঠাকুরগাঁও পবিস।

০৮। অফিস/মাষ্টার কপি।

২৫/৭/২৪

(মোঃ মাহফুজুর রহমান)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)